Do not get me wrong. I am not saying that the change will be drastic and immediate. But it is inexorable, irreversible and in a positive direction. My verdict – this time it really is different.

The writer heads Fee Only Investment Advisers LLP, a Sebi-registered investment adviser

Request your banker now to restructure your loan

Borrowers need to understand the additional interest burden of each option

SANJAY KUMAR SINGH

The six-month moratorium on debt repayment announced by the Reserve Bank of India (RBI) ends today (August 31). All borrowers, including retail, who had availed of it will once again have to bear the burden of paying their equated monthly instalments (EMIs). Some borrowers may have lost their jobs or seen salary/income cuts and may be facing financial stress. There may also be borrowers who did not experience either of these events but nonetheless availed of the moratorium to conserve cash. Each of these categories should respond to the end of the moratorium in a different way.

The RBI has asked each bank to formulate its own policy on restructuring retail loans. Watch out as your bank could issue these norms soon. "Customers who are not in a position to start paying the full EMI should individually approach their bank and understand what kind of relief it can offer through restructuring," says Raj Khosla, founder and managing director, MyMoneyMantra.

PREPAY TO MINIMISE INTEREST COST OF MORATORIUM

Loan of ₹50 lakh at 8.50% for 20 years;
EMIs: 240; total interest: ₹54,13,879; EMI: ₹43,391

5 months' moratorium		Your bounce-back plan			
		Pre-pay your 5 deferred EMIs (₹2,16,955) 12 months after last deferred EMI			
Which 5 EMIs of the borrower were deferred	Interest for deferred EMIs (₹)	With EMI	New tenure in months	Total interest (₹)	Interest saved (₹)
Case 1: 1–5	1,76,514	18	243	5,531,614	9,50,756
Case 2: 13–17	1,72,939	30	243	5,521,974	8,45,339
Case 3: 61–65	1,58,285	78	242	5,490,717	5,16,870
Case 4: 121–125	1,22,620	138	242	5,464,082	2,51,369
Case 5: 181–185	75,973	198	241	5,446,718	84,753

Note: The first row shows the case of a person who availed of the moratorium at the beginning of his loan tenure. He repays a sum equal to five EMIs in the 18th month. Doing so brings his tenure, which had become very high, back to 243 months. He also saves interest cost of ₹9,50,756.
Compiled by BankBazaar.com. For illustrative purposes only

Mildly stressed borrowers

Experts say banks will be more amenable to restructuring the loans of borrowers whose payment capacity has reduced, but who can still pay some part of their EMI, as opposed to those who can't pay at all. To get your loan restructured, you may have to demonstrate that your finances have been affected. "The RBI has made it clear that only those borrowers who have been adversely impacted by the Coronavirus crisis will be eligible for restructuring," says Naveen Kukreja, chief executive officer and co-founder, Paisabazaar.com.

Various restructuring options could be offered. Say, you paid an EMI of ₹50,000 on your home loan earlier but can now pay ₹40,000. "Your bank could reduce your EMI and extend the loan tenure," says Aditya Mishra, founder and chief executive officer, SwitchMe, a digital home loan broker.

Remember that banks have policies that restrict the maximum loan tenure they can offer. Suppose that your bank allows a maximum tenure of 20 years and extending yours will take it to 22 years. In that case, the bank will not offer you this option. Age is another determinant. "Banks are generally reluctant to extend the tenure beyond the retirement age," says Mishra.

The second form of restructuring could be that the balance, unpaid EMI (₹10,000 in the above example) gets added to your principal. You are allowed to pay a lower EMI for a specified period, say, six months, after which the EMI is bumped up to a higher level — above what it was earlier, to make up for the interest cost incurred during the moratorium and after (the period of reduced EMI). This is referred to as the step-up EMI option. "Choose between these options — lower EMI and longer tenure, or lower EMI now and higher later — depending on your cash flows," says Sovan Mandal, chief business officer, India Mortgage Guarantee Corporation (IMGC). Kukreja adds that borrowers also need to factor in the additional interest burden that comes with each restructuring option.

If you want your loan restructured, reach out to your bank at the earliest and explain your situation. This conversation should take place before September 10. If you delay it, you could get into deep trouble. Not only could your credit score get spoiled, your bank could even initiate repossession proceedings after 90 days.

Severely stressed borrowers

Will banks allow another extension of the moratorium to borrowers who can't pay any EMI at all? Experts vary in their opinions. Some say banks could allow it, others are sceptical, and yet others say it could be offered in exceptional cases. Each bank will take its own stance, so approach your bank for an answer.

Borrowers who have funds

Many borrowers had the money but availed of the moratorium to conserve cash. Once the uncertainty around your cash flow ends, use any surplus you have to prepay the bank. "To erase the burden of the additional debt you have incurred during the moratorium, aim to pre-pay within the next 12 months about 120 per cent of the EMIs you had to defer. So, if you deferred five EMIs, prepay six additional EMIs over the next 12 months. This will help you bounce back in your repayment plan and get out of debt quicker," says Adhil Shetty, chief executive officer, Bankbazaar. Borrowers can also pay the accumulated interest upfront and continue with their regular EMIs. They may also increase their EMIs so that the loan tenure does not increase. "However, this will call for restructuring the loan, which may take time," says Shetty.

What should you do next

While the RBI has made it clear that credit scores of borrowers who availed of the moratorium will not be affected, borrowing could get more difficult for them. "Lenders could become cautious about lending to borrowers who have availed of the moratorium," says Mandal. If you are such a borrower and your credit score is less than 750, work actively on raising it to improve your chances of getting a loan in the future. When you need to borrow, hold a face-to-face meeting with your lender and try to demonstrate to him that your finances are sound.

All borrowers who have availed of the moratorium should check their credit report. "If there has been an error that has affected your score, say, if the moratorium has been mistakenly reported as a default, reach out to the lender and the bureau to get it corrected," says Shetty.

Business Standard
KOLKATA EDITION

Printed and Published by Joydeep Chakraborty on behalf of Business Standard Private Limited and printed at Saraswati Print Factory Pvt. Ltd. 789, Chowbhaga west, PO Tiljala, Kolkata-700 105 and published at 4/1, Red Cross Place, 3rd Floor, Kolkata-700 001

Editor : Shyamal Majumdar

RNI NO: 27042/1975

Readers should write their feedback at feedback@bsmail.in
Ph 033-2210 1314/1022/1600

For Subscription and Circulation enquiries please contact:
Ms. Mansi Singh
Head-Customer Relations
Business Standard Private Limited
H/4 & I/3, Building H,Paragon Centre, Opp. Birla Centurion, P.B.Marg, Worli, Mumbai - 400013
E-mail: subs_bs@bsmail.in
"or sms, SUB BS to 57007"

Re. 1/- Air Surcharge for North East States

জগদ্দলে দুষ্কৃতীদের গুলিতে কিশোর খুন

অলক ঘোষ, বারাকপুর : উত্তর ২৪ পরগনার জগদ্দল থানা এলাকায় ফের গুলি চালানোর ঘটনা ঘটল। এবার মহরম উৎসবের অনুষ্ঠান চলার সময় শনিবার রাতে প্রকাশ্যে মাথায় গুলি করে হত্যা করা হল আব্দুল ওয়াকার (১৬) নামে এক কিশোরকে। শনিবার রাতে জগদ্দল থানার পেছনের ৫ নম্বর গলিতে সঙ্গীদের সঙ্গে সে রাস্তার ওপর মহরম উৎসব পালন করছিল। সেখানে বাইকে করে আসা দুষ্কৃতীরা গুলি করে ওই নাবালককে খুন করে। সূত্রের খবর, সাদ্দাম, রশিদ, পঙ্কজ মস্তানদের দল ৫ নম্বর গলির রাস্তা দিয়ে বাইক নিয়ে যেতে বাধা পাওয়ায় গুলি চালিয়েছে। ওই রাস্তায় সেসময় স্থানীয় নাবালক কিশোরের দল মহরম উৎসবের বাজনা বাজাচ্ছিল। জগদ্দল থানার পুলিশ তদন্ত শুরু করেছে। স্থানীয় সূত্রে খবর, শনিবার রাত ১১টা নাগাদ জগদ্দল থানার লাগোয়া ৫ নম্বর গলি দিয়ে ৩টি বাইকে চেপে ৮-৯ জন দুষ্কৃতীর এক দল যেতে গিয়ে মহরমের উৎসবে মেতে থাকা কিশোরদের সামনে রাস্তায় আটকে পড়ে। তারা বাইক থেকে নেমে রাস্তা থেকে কিশোরদের সরে যেতে বলে। এলাকার সংখ্যালঘু সম্প্রদায়ের কিশোরেরা বাজনা বাজিয়ে মহরম উৎসবের আনন্দে মশগুল ছিল। তাদের মধ্যেই ছিল ১৬ বছরের আব্দুল ওয়াকার। আব্দুল ওয়াকার ও অন্যদের সঙ্গে ওই দুষ্কৃতীদের বচসা শুরু হলে কিছু বুঝে ওঠার আগেই দুষ্কৃতীরা আগ্নেয়াস্ত্র বের করে এলাকার বাসিন্দাদের ভয় দেখাতে শুরু করে। তখনই এক দুষ্কৃতী প্রথমে শূন্যে ১ রাউন্ড গুলি ছোড়ে, পরে সে খুব কাছ থেকে আব্দুল ওয়াকারের মাথায় গুলি করে। সঙ্গে সঙ্গে আব্দুল ওয়াকার রক্তাক্ত অবস্থায় রাস্তায় পড়ে যায়। প্রত্যক্ষদর্শীরা জানায়, ওই কিশোরের মাথা ফুঁড়ে গুলি বাইরে বেরিয়ে যায়। এই ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে হুড়োহুড়ি পড়ে যায়। দুষ্কৃতীরা বাইক নিয়ে পালিয়ে গেলেও এলাকার বাসিন্দারা তাড়া করে এক দুষ্কৃতীকে ধরে ফেলে। তাকে গণধোলাই দেওয়া হয়। জগদ্দল থানার পুলিশ রক্তাক্ত আব্দুল ওয়াকারকে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তাররা ওই যুবক মৃত বলে জানান। অন্যদিকে, জানা গেছে, গুরুতর জখম দুষ্কৃতীকে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতাল থেকে কলকাতার হাসপাতালে পাঠানো হয়েছে। মৃত যুবকের বাবা রুস্তম আনসারী বলেন, 'আমার একমাত্র সন্তানকে সাদ্দাম, পঙ্কজ, রশিদদের দল গুলি করে হত্যা করল। আমার ছেলে মহরম পালন করছিল। ওই দুষ্কৃতীরা অকারণে আমার ছেলেকে গুলি করে মেরে ফেলল। প্রশাসনের কাছে ওদের মৃত্যুদণ্ড দাবি করছি।' এই ঘটনার পরই ৫ নং গলিতে মহরমের উৎসব বন্ধ হয়ে গেছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, অভিযুক্ত দুষ্কৃতীদের পুলিশ এখনই গ্রেফতার করুক। জগদ্দল থানার ঢিল ছোড়া দূরত্বে যেভাবে উৎসবের মধ্যে গুলি চালানোর ঘটনা ঘটল, তাতে দুষ্কৃতীদের বাড়বাড়ন্ত নিয়ে উদ্বিগ্ন এলাকার বাসিন্দারা। স্থানীয় বাসিন্দারা সকলেই অভিযোগ করেছেন, পুলিশের নিষ্ক্রিয়তার জন্যই জগদ্দল থানা এলাকায় দুষ্কৃতীদের সক্রিয়তা বেড়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

এসএসকেএম হাসপাতালে চুরি, গ্রেফতার ২ জন

সৌমেন ভট্টাচার্য, কলকাতা : এসএসকেএমের মতো হাসপাতালের নির্মাণ সামগ্রী চুরি করে ধরা পড়লো ২ দুষ্কৃতী। কীভাবে এই চুরি হল, তা নিয়ে তদন্ত চলছে। পুলিশ জানায়, হাসপাতালে ইমারতির কাজের জন্য দামি টাইলস রাখছিল। সেখান থেকে ১৬০টি টাইলস উধাও হওয়ার পর ভবানীপুর থানাতে অভিযোগ জানায় কর্তৃপক্ষ। এরপর সিসিটিভির ফুটেজে দেখে ২ জনকে শনাক্ত করে গ্রেফতার করা হয়েছে।

বৈকুণ্ঠপুরে চুরি

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর: রবিবার সকালে মৈপীঠ উপকূল থানার বৈকুণ্ঠপুর বাজারের এক মুদি দোকানের তালা ভেঙে ক্যাশ হাজার টাকা দামের জিনিস চুরি যায়। এদিন সকালে দোকান খুলতে গিয়ে মালিকের তা নজরে পড়ে। তিনি এদিন দুপুরে থানায় অভিযোগ করেন। তদন্ত শুরু হয়েছে।

টলিউডে অভিনয়ের সুযোগের নামে প্রতারণা, গ্রেফতার ২ জন

উজ্জ্বল দত্ত, কলকাতা : টালিগঞ্জ সিনেমা ও সিরিয়ালে অভিনয় করার সুযোগের নাম করে প্রতারণা করার অভিযোগে তিতাস ঘোষ ও সুজয় ভূঁঞাকে পুলিশ গ্রেফতার করল। এই ২অভিযুক্ত সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে ১মাসে অভিনয় শিখিয়ে সিরিয়ালে বড় চরিত্রে অভিনয়ের সুযোগ করিয়ে দেওয়ার অভিযোগ ওঠে। অভিনয়ের সুযোগ করে দেওয়ার নামে তারা প্রতারণা করে। শনিবার সুপ্রভাত সরকার দক্ষিণ কলকাতার চারু মার্কেট থানায় প্রতারণার অভিযোগ দায়ের করেন। তাঁর বাড়ি কল্যাণী থানা এলাকায়। তিনি ফিল্ম ও সিরিয়ালে অভিনয়ের সূত্রেই টালিগঞ্জে যাতায়াত শুরু করেন। কিন্তু সেভাবে অভিনয়ের জন্য ডাক বা সুযোগ পাননি। এরই মধ্যে তাঁর যোগাযোগ হয় তিতাস ঘোষ, সুদীপ্ত বন্দোপাধ্যায়, সঞ্জয় ভূঁঞ্যা, পারমিতা ভূঁঞ্যা, শমীক সান্যাল, সুকান্ত ভট্টাচার্য সহ কয়েকজনের সঙ্গে। তারা তাঁকে কথা দেয় সিরিয়াল ও সিনেমায় অভিনয় করার সুযোগ করে দেবে। এরপর জাল কাগজপত্র দেখিয়ে সুপ্রভাতের থেকে দফায় দফায় তারা লাখ টাকা নেয়। কিন্তু দীর্ঘদিন অপেক্ষার পরও সুপ্রভাত কাজের সুযোগ পাননি। এরপর টাকা ফেরতের দাবি জানান। কিন্তু তারা টাকা ফেরত দিতে চায়নি। শেষে শনিবার থানায় অভিযোগ দায়ের করেন। ঘটনার তদন্তে নেমে পুলিশ গতরাতেই তিতাস ঘোষ এবং সুজয় ভূঁঞ্যাকে গ্রেফতার করেছে। রবিবার তাদের আলিপুর আদালতে তোলা হয়। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।

সব পুরনিগমের কাজের রূপরেখা নিয়ে পুরমন্ত্রী ফিরহাদের বৈঠক মঙ্গলবার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : কলকাতা পুরনিগমের অন্দরে করোনা সংক্রমণের হার ক্রমেই বাড়ছে। করোনার সঙ্গে লড়াইয়ে এর মধ্যে কলকাতা পুরনিগম বেশ কয়েকজন কর্মীকে হারিয়েছে। পাশাপাশি বেশ কিছু পুর আধিকারিক ও প্রতিনিধি করোনায় সংক্রমিত হয়েছেন। সম্প্রতি কলকাতা পুরনিগমের প্রাক্তন ডেপুটি মেয়র তথা বর্তমান প্রশাসকমণ্ডলীর অন্যতম সদস্য অতীন ঘোষ সপরিবারে করোনায় সংক্রমিত হয়েছেন। কলকাতা পুরনিগমের বর্তমান প্রশাসক মণ্ডলীর চেয়ারম্যান ফিরহাদ হাকিম জানান, 'কলকাতা পুরনিগমের সব আধিকারিক, কর্মচারী ও পুর প্রতিনিধিদের সামনের সারিতে থেকে করোনা সংক্রমণের বিরুদ্ধে লড়াই চালাতে হচ্ছে। তাই তাঁদের সংক্রমণের সম্ভাবনা বেড়ে চলেছে। কিন্তু শহর কলকাতার পুরসেবা অক্ষুন্ন রাখতে ও কলকাতার মানুষকে সুস্থ রাখতে এসব ঝুঁকির কথা মাথায় রেখেই আমাদের কাজ চালিয়ে যেতে হবে। শহরবাসীকে সুস্থ-সবল ও ভালো রাখাটাই আমাদের প্রধান লক্ষ্য। আমফানের পর রাজ্যে কোন পুরনিগমে কী কী কাজ হয়েছে, কোন কোন কাজ এখনো বাকি রয়ে গেছে তার খতিয়ান নেওয়ার পাশাপাশি করোনা সংক্রমণের বিরুদ্ধে কী কী দরকারি ব্যবস্থা নেওয়া হয়েছে আর কোন কোন ব্যবস্থা আগামী দিনে নিতে হবে সে বিষয়ে রূপরেখা ঠিক করতে আগামী মঙ্গলবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে সব পুরনিগমের প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান ও সদস্যদের সঙ্গে কথা বলব।' কলকাতা পুরনিগমে বসেই ওইদিন পুর ও নগর উন্নয়ন দফতরের আধিকারিকদের সঙ্গে এই বৈঠক করবেন ফিরহাদ হাকিম। করোনা সংক্রমণের হার কমাতে সব ব্যবস্থা নেওয়া হলেও, যাতে কোনোভাবে শহর কলকাতা সহ অন্যান্য পুরনিগমে ডেঙ্গুর প্রকোপ বাড়তে না পারে সে বিষয়ে যথেষ্ট তৎপর হতে হবে প্রত্যেকটি পুরনিগমের প্রশাসক মণ্ডলীর সদস্যদের। এ বিষয়েও দরকারি পরামর্শ দেবেন ফিরহাদ হাকিম।

হাওড়ায় গুলিকাণ্ডে মূল অভিযুক্ত এখনো অধরা

ভাস্কর বিশ্বাস, হাওড়া : হাওড়ার জগাছায় সুনীল ভৌমিক নামে লোহার ছাঁট ব্যবসায়ীর ওপর গুলি চালানার ঘটনায় মূল অভিযুক্ত শঙ্কর কর্মকার এখনো অধরা। তবে এরইমধ্যে ঘটনায় সঙ্গে যুক্ত থাকার অভিযোগে কয়েকজনকে পুলিশ গ্রেফতার করেছে। ধৃতদের জেরা করে মূল অভিযুক্তের কাছে পৌঁছোনোর চেষ্টা করা হচ্ছে। এনিয়ে পুলিশ সূত্রে খবর, গত ২৫ আগস্ট বিকেলে কেশব ভট্টাচার্য লেনে সুনীলকে তাঁর কারখানার সামনেই একদল দুষ্কৃতী গুলি করে বলে অভিযোগ। ঘটনায় পুলিশের প্রাথমিক অনুমান, পুরনো শত্রুতার জেরেই মূল অভিযুক্ত শঙ্কর সুনীলের ওপর গুলি চালায়। তদন্তে নেমে শঙ্করের এক সঙ্গী দীনেশের কাছ থেকে ভোলা চৌধুরী ও সন্তোষ সিংহের নাম উছে আসে। এরপরই আমতা থেকে ভোলাকে ও জগাছা থেকে মনোজকে গ্রেফতার করা হয়। তাদের জিজ্ঞাসাবাদ করে বিভিন্ন জায়গা থেকে ঘটনার সঙ্গে যুক্ত দীনেশ সহ আরো ৪ জনকে পুলিশ গ্রেফতার করে। মূল অভিযুক্ত শঙ্কর ছাড়াও আরও কয়েকজন এখনো ধরা পরেনি বলে পুলিশ জানায়। তবে কেন দুষ্কৃতকারীরা ওই ব্যবসায়ীর ওপর গুলি চালালো তা এখনো জানা যায়নি।

পর্ণো তারকাদের নামের পেছনে কারা, তদন্তে পুলিশ



সৌমেন ভট্টাচার্য, কলকাতা : আশুতোষ কলেজে ভরতির তালিকাতে পর্ণোস্টার সানি লিওনের নাম থাকার পর বারাসাত ইভনিং কলেজেও আরেক পর্ণোস্টার মিয়া খলিফা ও নিক জনাসের নাম ভরতির তালিকাতে এসেছে। বজবজের কলেজেও সানি লিওনের নাম উঠেছে। ধীরে ধীরে আরো অনেক কলেজেই এইরকম তারকাদের নাম ভরতির তালিকায় আসতে থাকায় বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছে উচ্চশিক্ষা দফতর। এর পিছনে নিছকই কোনো মজা, না ষড়যন্ত্র করে কেউ করছে, তা খতিয়ে দেখতে নির্দেশ দেওয়া হয়েছে। ষড়যন্ত্র ছাড়াও কেউ রসিকতা করলেও তাকে খুঁজে বের করতে পুলিশকে অনুরোধ করা হয়েছে। সূত্রের খবর, উচ্চশিক্ষা দফতর থেকে সবুজ সংকেত পাওয়ার পরই কলেজ কর্তৃপক্ষ বিষয়টি পুলিশের নজরে এনেছে। পুলিশের সাইবার সেলও বিষয়টির ওপর নজর রাখছে। তবে প্রাথমিকভাবে বজবজ, বারাসাত ও মালদহ কলেজে একই ঘটনা ঘটায় ষড়যন্ত্রের ইঙ্গিত পাচ্ছেন তদন্তকারী পুলিশ আধিকারিকরা। গোয়েন্দা দফতরের ১ আধিকারিক জানান, কাজটি রাজ্য সরকার ও শিক্ষা দফতরকে সুপরিকল্পিতভাবে হেয় করার জন্য করা হয়েছে কিনা, তা তদন্ত করে দেখা হচ্ছে।

করোনা আক্রান্তদের বিনা খরচায় সিলিন্ডার

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের উপাধ্যক্ষ জয়ন্ত ভদ্র করোনা আক্রান্তদের চিকিৎসার জন্য বিনা খরচায় অক্সিজেন সিলিন্ডার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। রবিবার তিনি বলেন, 'এখন আক্রান্তদের অনেকে বাড়িতে থেকেই চিকিৎসা করাচ্ছেন। এর ভেতর অনেকের অক্সিজেন সিলিন্ডার কেনার সামর্থ্যও নেই। তাঁদের জন্য অক্সিজেন সিলিন্ডার পরিষেবা চালু হচ্ছে। সিলিন্ডার নেওয়ার সময় ওই ব্যক্তির ভোটার কার্ড ও মোবাইল নম্বর দিতে হবে। এছাড়া সিলিন্ডারের কাজ শেষ হলে তা ফিরিয়ে দিতে হবে। এ ব্যাপারে যোগাযোগ করতে হবে এই মোবাইল নম্বরে : ৯৮৭৪৩৫৪২৮২।

ইউআইটি পরীক্ষা নিয়ে ফল বের করল

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : বর্ধমানের ইউআইটি কলেজ নজির গড়ল। সারা দেশ জুড়ে কলেজ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত বর্ষের পরীক্ষা নেওয়া নিয়ে সুপ্রিম কোর্ট রায় ঘোষণা করেছেন। করোনা উদ্ভূত পরিস্থিতিতে রাজ্য সরকার যখন এই পরীক্ষা নেওয়ার ক্ষেত্রে রীতিমত চিন্তায় পড়েছেন, সেই সময় কার্যত সুপ্রিম কোর্টের রায়ের আগেই ইউজিসির গাইড লাইন মেনেই অনলাইনে পরীক্ষা নিয়ে তার চূড়ান্ত ফল বের করে দিল বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজি (ইউআইটি)। ২৫ আগস্ট ইউআইটির স্নাতক পর্যায়ের চূড়ান্ত সেমেস্টারের ফল বেরিয়েছে। তবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন বাকি ৬২টি কলেজ এখনো এব্যাপারে কোনো সিদ্ধান্তই নিতে পারেনি। ইউআইটির অধ্যক্ষ অধ্যাপক অভিজিৎ মিত্র জানান, '২৩ মার্চ লকডাউনের আগেই ইউআইটির সব বর্ষের মিড-সেমেস্টারের পরীক্ষা হয়ে গিয়েছিল। লকডাউনের পরও এপ্রিল মাস থেকে ইন্টারনেটের মাধ্যমে জুন মাস অবধি নিয়মিত পড়ালেখা হয়েছে। নিয়মানুযায়ী চূড়ান্ত বর্ষের ইঞ্জিনিয়ারিং পড়ুয়াদের জুন-জুলাই মাসের মধ্যেই তাদের সিলেবাস শেষ করতে হয়। নাহলে চাকরি পাওয়া নিয়ে সমস্যায় পড়ে। তাই জুন মাসে চূড়ান্ত বর্ষের ৩৭৮ জন ছাত্রছাত্রীর কাছে অনলাইন পরীক্ষার জন্য সম্মতি নেওয়া হয়। এরপর জুলাই মাসে রাজ্য সরকারের ও ইউজিসি'র নির্দেশ আসার পর জুলাই মাসের ভেতরেই চূড়ান্ত বর্ষের ছাত্রছাত্রীদের অনলাইন পরীক্ষা নেওয়া হয়। এরপর ২৫ আগস্ট বিশ্ববিদ্যালয় ওই ফল বের করে।

কংগ্রেসের শাখা সংগঠন মজবুত করার উদ্যোগ

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : বিধানসভা ভোটকে মাথায় রেখে ক্ষয়িষ্ণু কংগ্রেসকে চাঙ্গা করতে নতুন করে সংগঠন মজবুত করার কাজ শুরু করে দিল সর্বভারতীয় কংগ্রেস। দলের শ্রমিক সংগঠন ও সোশাল মিডিয়া টিম নতুন করে ঢেলে সাজানোর কাজ শুরু হল। ২৭ আগস্ট প্রদেশ কংগ্রেসের সোশাল মিডিয়া অ্যাণ্ড ডিজিট্যাল কমিউনিকেশন বিভাগের পক্ষ থেকে পূর্ব বর্ধমান জেলায় জেলা কোঅর্ডিনেটর করা হল অধ্যাপক সুদীপ মজুমদারকে। যদিও আগে থেকেই এই বিভাগে পূর্ব বর্ধমান জেলায় কাজ করছেন শুভাশিস সামন্ত ও গৌরব সমাদ্দার। কিন্তু তারই পাশাপাশি এই বিভাগকে আরও চাঙ্গা করতে সুদীপ মজুমদারকে নতুন সংযোগকারীর দায়িত্ব দেওয়া হয়েছে। পাশাপাশি পূর্ব বর্ধমান জেলায় সর্বভারতীয় অসংগঠিত কর্মী কংগ্রেসের চেয়ারপার্সন করা হয়েছে সুদীপ মজুমদারকে। তিনি জানান, 'গোটা জেলা জুড়েই অসংগঠিত কর্মীরা নানান অসুবিধার মধ্যে রয়েছেন। কিন্তু কোনো রাজনৈতিক দলই তাঁদের যথাযথ সহযোগিতা করছেন না। তাই জেলার ২৩টি ব্লকেই আলাদা করে কমিটি তৈরি করে এই অসংগঠিত কর্মীদের কংগ্রেসের ছাতার তলায় আনার উদ্যোগ নিচ্ছি। পাশাপাশি প্রতিটি ব্লকেই মাইক্রো লেভেল কমিটিও হবে, যাতে গ্রামাঞ্চলের কোনো কর্মী এর আওতার বাইরে না থাকেন। এই অসংগঠিত কর্মীদের বিমা, তাঁদের মেয়েদের স্বাস্থ্যবিমা ছাড়াও ছেলেমেয়েদের লেখাপড়ার সুযোগ সৃষ্টির চেষ্টা করব।'

ব্যবসায়ীকে ফোনে হুমকি দেওয়ায় ধৃত তৃণমূল নেতা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : নিজেকে তৃণমূল কংগ্রেসের প্রভাবশালী নেতা দাবি করে ফোনে ১ প্রোমোটারকে হুমকি দেওয়ার অভিযোগে পুলিশ হাওড়ার বালি থেকে অভিযুক্ত বিশ্বজয় বন্দ্যোপাধ্যায়কে গ্রেফতার করেছে। ধৃতের বিরুদ্ধে অভিযোগ, তিনি ফোনে হুমকি দিয়ে বলেন, 'মুকুল রায়, মমতা বন্দ্যোপাধ্যায় আমার নাম শুনে ঘাবড়ে যান।' এ নিয়ে শনিবার রাতে বালি থানায় অভিযোগ দায়ের হলে বিশ্বজয় বন্দ্যোপাধ্যায়কে পুলিশ গ্রেফতার করে। রবিবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়। অভিযোগকারী মহেশকুমার সুরেখা বলেন, 'আমি বালির নিমতলায় প্রোমোটিং করছি। বিশ্বজয় বন্দ্যোপাধ্যায় আমাকে ফোনে হুমকি দেন। তাঁর অনুমতি ছাড়া কেন কাজ করছি, সে জন্য আমাকে শাসানো হয়। পরিচয় জানতে চাইলে তিনি বলেন, আমার নামে অনেক বড়ো বড়ো লোক ঘাবড়ে যায়।' আর বিশ্বজয় বন্দ্যোপাধ্যায় নামে ধৃত ওই তৃণমূল নেতার দাবি, তিনি আদর্শ মেনে দল করেন। এখানে গঙ্গার ঘাটকে বন্ধ করে প্রোমোটিং হচ্ছিল। তিনি প্রতিবাদ করেছেন। ফোনে কাউকে হুমকি দেননি। আমাকে ফোনে উত্তেজিত করা হয়েছিল।'

দুর্গানগরে বিজেপির মিছিল আটকাল পুলিশ

অলক আচার্য, নিউ বারাকপুর : উত্তর ২৪ পরগনা জেলার নিমতা থানার অন্তর্গত দুর্গানগরে বিজেপির জমায়েত নিয়ে রবিবার ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। কেন্দ্রীয় সরকারের আনলক- ৪ এর নির্দেশিকায় স্পষ্ট রয়েছে ২১ সেপ্টেম্বর থেকে ১০০ জনকে নিয়ে উপযুক্ত স্বাস্থ্যবিধি মেনে যে কোনো জমায়েত করা সম্ভব হবে। কিন্তু তা অমান্য করলেন স্বয়ং বিজেপি সাংসদ অর্জুন সিংহ। পুলিশ তাঁদের বাধা দিতে গেলে, বিজেপির কর্মী ও সমর্থকরা নিমতা থানার সামনে সমবেত হয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। অধিকাংশেরই মুখে ছিল না মাস্ক। সামাজিক দূরত্ব বিধির কোনো বালাই ছিল না। সাংসদ অর্জুন সিংহ তৃণমূল নেতৃত্বকে একহাত নিয়ে বলেন, '২০২১ সালে এখানের মানুষ আমাদের আশীর্বাদ দেবেন। বিজেপি ক্ষমতায় আসবে। আজ যে সরকারের নির্দেশে পুলিশ লাঠিচার্জ করছে, তৃণমূলের গুন্ডাদের সাহায্য করছে আর বিজেপির নেতা ও কর্মীদের মিথ্যা মামলায় জড়িয়ে দিচ্ছে, সেই সরকার আর বেশিদিন নেই। অক্টোবরে দেবী দুর্গার বিসর্জন আছে। আর তারপরই এই সরকারের বিসর্জন নিশ্চিত। সকলে শক্তি বাঁচিয়ে রাখুন। মমতা বন্দ্যোপাধ্যায়কে হারিয়ে কালীঘাটের পটুয়াপাড়ায় পাঠিয়ে দিতে হবে। বাংলার ছাত্র, যুব ও কৃষক সমাজের শক্তি বাঁচিয়ে রাখতে হবে। এই লড়াই একদিন জনরোষে পরিণত হবে।' পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিক্ষোভকারীদের পুলিশ অনুরোধ করে, ভিড় না করে ২-৩ জনের প্রতিনিধিদল যেন ডেপুটেশন দেন।

শ্রীরামপুরে সাংসদ কল্যাণের হুঙ্কার

অমিত চৌধুরী, হুগলি : রবিবার তৃণমূলের সভা মঞ্চ থেকে শ্রীরামপুর রেল সাইডিংয়ের বস্তি উচ্ছেদের বিরুদ্ধে রেলের জিএম, ডিআরএম ও ঠিকাদারকে হুশিয়ারী দিল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। এদিন তিনি বলেন, 'যদি নোটিশ ছাড়া বস্তি উচ্ছেদ করতে ঠিকাদাররা আসেন তাহলে ভালো হবেনা। আমরা আন্দোলন করে বস্তি উচ্ছেদ আটকাবো। জিএম আর ডিআরএমকে উদ্দেশ্য করে তিনি বলেন রাজনীতি করতে আসবেন না। ব্যারাকপুরে অনেক বেআইনী নির্মান আছে রেলের সেসব ভাঙার হিম্মত নেই।' উল্লেখ্য, সম্প্রতি রেল কর্তৃপক্ষ শ্রীরামপুর রেল সাইডিংয়ের পাশে থাকা খাটাল উচ্ছেদ করে। এরপরই রেলের তরফে ওই বস্তি উচ্ছেদের কথা জানানো হয়।

হাওড়ায় পুলিশের হাতে ধৃত ২ ছাগল চোর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : শনিবার হাওড়ার জগাছা থানার উনসানিতে ছাগল চুরি করতে গিয়ে ঈরশাদ আহমেদ ও গুলাম মহম্মদ নামে ২ চোর পুলিশের হাতে ধরা পড়ল। জানা গেছে, ঈরশাদের বাড়ি কলকাতার তিলজলায় আর গুলামের বাড়ি কলকাতার ইকবালপুরে। স্থানীয় বাসিন্দারা জানান, দিনের পর দিন এলাকায় পোষা ছাগল চুরি হয়ে যাচ্ছিল। এনিয়ে পুলিশের কাছে বারবার অভিযোগ করাও হয়েছে। এরপরই এদিন একাধিক ছাগল ছানা একটি মারুতি ভ্যানে তুলে নিয়ে যাওয়ার সময় ওই ২ চোরকে গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, ধৃতেরা ছাগল চুরি করে মাংস বিক্রেতাদের কাছে বিক্রি করে দিত।

বিজেপির রাজ্য যুব মোর্চার কমিটি শেষমেষ বদলাল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : শনিবার রাজ্য যুব মোর্চার সভাপতি সৌমিত্র খাঁ জেলা যুব সভাপতিদের নাম ঘোষণা করার পরই রবিবার সেই নামের তালিকা প্রত্যাহার করে নেওয়া হয়। রবিবার বিকেলে বিজেপি যুব মোর্চার সভাপতি সৌমিত্র খাঁ রাজ্য যুব মোর্চার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন। তিনি বলেন, 'দিলীপ ঘোষের নির্দেশে এই রাজ্য কমিটি ঘোষণা করা হল। যুব মোর্চার জেলা কমিটির সভাপতিদের নাম আগেই ঘোষণা হয়েছে। যদি দিলীপ ঘোষ নির্দেশ দেন, তবে ওই জেলা কমিটির সভাপতিদের কাউকে কাউকে সরিয়ে দেওয়া হতে পারে।' যুব মোর্চার ২৯টি জেলা সভাপতির নাম ঠিক করতে এবার সরাসরি ২ গোষ্ঠীর মধ্যে লড়াই শুরু হয়েছে বলে রাজনৈতিক মহল মনে করছে। বিজেপি সূত্রে খবর, ওই তালিকায় প্রায় ১৫টি জেলায় যুব সভাপতির নাম বদলানো হয়েছিল। রাজ্য বিজেপির কয়েকজন নেতা এতে আপত্তি জানান। তাঁদের অভিযোগ, নতুন যুব জেলা সভাপতি নির্বাচনে সৌমিত্র খাঁ জেলায় জেলায় মুকুল শিবিরের লোকদের প্রাধান্য দিয়েছেন। বিজেপির মিডিয়া গ্রুপ থেকে তাই তালিকা মুছে দেওয়া হয়। যদিও সাংসদ ও রাজ্য যুব মোর্চা সভাপতি সৌমিত্র খাঁ বলেন, 'রাজ্য সভাপতিকে জানিয়েই তালিকা বের করেছি। এই তালিকাই চূড়ান্ত। এর বেশি আমার কিছু জানা নেই।' এদিকে বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ ফের জানান, 'যুব রাজ্য কমিটি-ই এখনো তৈরি হয়নি। তাহলে জেলা যুব সভাপতির নাম কে ঠিক করল?' অন্যদিকে বিজেপি নেতা রাহুল সিনহা তালিকা প্রত্যাহারের প্রসঙ্গে বলেন,

'টেকনিক্যাল কিছু সমস্যার জন্য এটা হয়েছে। ফের নতুন তালিকা বের করা হবে।' এখন তালিকা প্রকাশ ও প্রত্যাহারের মধ্যে বিড়ম্বনায় পড়েছেন নতুন ৯ জেলা যুব সভাপতি। তাঁদের নাম বেরিয়ে ফের মুছে দেওয়া হয়েছে। রাজ্য যুব মোর্চার সভাপতি হিসেবে ইনিংস শুরুর মুখেই ধাক্কা খেলেন সৌমিত্র খাঁ। তাঁর তৈরি তালিকা অনেক জায়গাতেই মেনে নেয়নি বিজেপির রাজ্য নেতৃত্ব। দিলীপ ঘোষ শনিবারই জানিয়েছিলেন, 'আমি ওকে নিষেধ করেছিলাম। আমি দলের প্রদেশ সভাপতি। আমি এই তালিকা চূড়ান্ত করার একমাত্র অধিকারী।' তখন সৌমিত্র খাঁ বলেছিলেন,' আমার এটাই চূড়ান্ত তালিকা। দিলীপদা মনে করলে কিছু বদলাতে পারেন।' এরপরই সৌমিত্র খাঁ রবিবার নতুন তালিকা বের করলেন।

দুর্গাপুরে রাস্তায় ধানের চারা পুঁতে বিক্ষোভ

সুবীর রায়, দুর্গাপুর : দুর্গাপুর নগর নিগমের ৪৩টির মধ্যে ১০টি ওয়ার্ডের প্রতিটি রাস্তা বেহাল। এ নিয়ে বারবার আবেদন করার পরেও প্রতিকার না হওয়ায় রবিবার এস এন ব্যানার্জি রোড অবরোধ করে রাস্তায় ধানের বীজ পুঁতলেন কংগ্রেসের কর্মী ও সমর্থকরা। এরপর গোরু আর লাঙ্গল নিয়ে পদযাত্রা করেন।